**3 (Sem–5/CBCS) BEN RE**

**2 0 2 4**

# BENGALI

## ( Regular Elective )

**Paper : BEN–RE–5016**

**( অনুবাদ সাহিত্য )**

*Full Marks* : 80

*Time* : 3 hours

***The figures in the margin indicate full marks for the questions***

১। নির্দেশ অনুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) চম্পাকে লোকে গোপনে কী নামে ডাকতো ?

(খ) ওড়িশার জমিদারিতে ভাদ্রমাসের শুক্লা দ্বাদশী তিথিকে কী বলে ?

(১) রাবাণা

(২) নউতি

(৩) সুনিয়া

(৪) পসুরি

( শুদ্ধ উত্তরটি বেছে লেখো )

(গ) ভগিআর পিতার নাম কী ?

(ঘ) "বাড়ির ভিতর খবর গেল নূতন বউয়ের মাসি আসিয়াছেন।" এখানে কার বাড়ির কথা বলা হয়েছে ?

(ঙ) "আজি তেন্তে ভূতর ওপরতে দানহ।" উক্তিটি কার ?

(চ) সুন্দর কোঁয়রের অন্তরঙ্গ বন্ধুর নাম কী ?

(ছ) সমাপ্তি পর্ব বাদ দিয়ে 'কারেঙর লিগিরী' নাটকে মোট কয়টি অঙ্ক আছে ?

(জ) 'দু ফার্লং লম্বা সড়ক' গল্পের গল্পকথক রাস্তাটাকে কতদিন ধরে চেনেন ?

(ঝ) 'অসিরি জেঠিমা' গল্পের রাধাকিষণ চরিত্রটির পেশা কী ছিল ?

(ঞ) 'চৌরাস্তার কুয়া' গল্পে ডুবুরি কুয়ো থেকে শেষবারে কী তুলে এনেছিল ?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) 'ছ মাণ আঠ গুণ্ঠ' উপন্যাসটি কোন্ সালে প্রথম পুস্তকাকারে প্রকাশিত হয় ? পুস্তকটির অনুবাদ কে করেছেন ?

(খ) "আপনার জমিদারী আমায় কট-কবালা করে দিন।" কে, কাকে এই কথা বলেছিল ?

(গ) কাঞ্চনমতি কে ? তার বয়স কত ?





(ঘ) 'কারেঙর লিগিরী' নাটকে উল্লিখিত নাগা পর্বতের অধিবাসী যে কোনো দুজন কন্যার নাম লেখো।

(ঙ) বৈদ্যমশাইয়ের মতে আগুন আর জল কোথায় থাকে ?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) 'উনিশ বিঘা দুই কাঠা' উপন্যাসে মঙ্গরাজ যেভাবে ব্রাহ্মণ-ভোজন করাতেন তার বিবরণ দাও।

(খ) 'উনিশ বিঘা দুই কাঠা' উপন্যাসে বর্ণিত বুড়ি মঙ্গলা ঠাকুরাণীর মাহাত্ম্য সম্পর্কে একটি টীকা প্রস্তুত করো।

(গ) জ্যোতিপ্রসাদ আগরওয়ালার বর্ণনা অনুসরণে সুন্দর কোঁয়রের শয়নকক্ষটির একটি বিবরণ দাও।

(ঘ) 'কারেঙর লিগিরী' নাটকের রাজমাতা চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।

(ঙ) 'অসিরি জেঠিমা' গল্পে অসিরি জেঠিমার 'সিকি-জেঠিমা' নামকরণের বৃত্তান্ত আলোচনা করো।

(চ) "জলের অনেক ক্ষমতা। ইচ্ছে করলে জল প্রতিশোধ নিতে পারে।" সপ্রসঙ্গ উক্তিটি ব্যাখ্যা করো।

৪। (ক) 'উনিশ বিঘা দুই কাঠা' উপন্যাসের চম্পা চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

*অথবা*

(খ) 'উনিশ বিঘা দুই কাঠা' উপন্যাসে প্রতিফলিত সমাজচিত্রের বিবরণ দাও।

৫। (ক) 'কারেঙর লিগিরী' নাটকের শেওয়ালি চরিত্রটি আলোচনা করো। ১০

*অথবা*

(খ) 'কারেঙর লিগিরী' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।

৬। (ক) "এ রাস্তা সবই দেখে, শোনে, কিন্তু একতিলও বিচলিত হয় না, মানুষের হৃদয়ের মতই এ রাস্তা নির্মম ও বর্বর।" 'দু ফার্লং লম্বা সড়ক' গল্পটি অবলম্বনে এই বাক্যটির যথার্থতা বিচার করো। ১০

*অথবা*

(খ) 'পেশোয়ার এক্সপ্রেস' গল্পে সাম্প্রদায়িক দাঙ্গার যে চিত্র ফুটে উঠেছে তার যথাযথ বিবরণ দাও।

৭। (ক) 'উনিশ বিঘা দুই কাঠা' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো। ১০

*অথবা*

(খ) 'কারেঙর লিগিরী' নাটকের চতুর্থ অঙ্কে বর্ণিত নাগাপর্বত পর্বের ঘটনাবলী বর্ণনা করো।

★★★